



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাউন্সিলের এক প্রতিনিধিদল উপাচার্য প্রফেসর এ কে এম আমিনুল হকের নেতৃত্বে সোমবার বঙ্গভবনে প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে দেখা করেন — পিপিইডি

ভাসির নেতৃত্বাধীন প্রতিনিধিদলের কাছে আশু তদন্তের আশ্বাস

# কৃষি বিশ্ববিদ্যালয়ের ঘটনায় এরশাদের গভীর দুঃখ প্রকাশ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রশাসনিক পরিষদের এক প্রতিনিধিদল সোমবার বিকালে ঢাকায় বঙ্গভবনে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেজেনারেল এইচ এম এরশাদের সঙ্গে দেখা করেন কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ কে এম আমিনুল হক প্রতিনিধিদলের নেতৃত্ব করেন।

হয় এই সাক্ষাৎকালে প্রতিনিধিদল প্রেসিডেন্টকে ১লা মার্চের ঘটনার ফলে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। উল্লেখ্য প্রেসিডেন্ট দেশের বিশ্ববিদ্যালয়গুলির চ্যান্সেলর।  
দৈর্ঘ্য সহকারে প্রতিনিধি দলের বক্তব্য শুনে চ্যান্সেলর সেদিনের দুর্ভাগ্যজনক ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করেন। ঘটনায় ক্ষতিগস্ত

সবার জন্যে তিনি উদ্বেগ ও গভীর সহানুভূতিও ব্যক্ত করেন।  
প্রেসিডেন্ট এরশাদ প্রতিনিধিদলকে আশ্বাস দেন, তিনি অবিলম্বে ঘটনার তদন্ত অনুষ্ঠানের নির্দেশ দেবেন এবং পরিস্থিতি স্বাভাবিক করার জন্যে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।  
বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদ শিক্ষক, অফি-

সার ও কর্মচারীবৃন্দকে এখন কৃষি বিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে ছাত্রদের সঙ্গে নিয়ে কাজ করার অনুরোধ জানান।  
প্রতিনিধিদল চ্যান্সেলরের কাছে কৃষিবিদ্যালয় অধ্যাদেশের বাস্তবায়ন ত্বরান্বিত ও ছাত্রদের প্রকৃত অভাব অভিযোগের প্রতিকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানান।

চ্যান্সেলর এ ব্যাপারে তাদের আশ্বাস দেন।  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক পরিষদের এ প্রতিনিধিদলে ছিলেন শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আবু আহমেদ আরদল মূহশি, সাধারণ সম্পাদক ডঃ মনসুরুল তামিন, অফিসার পরিষদের সভাপতি ডঃ মশারুফ হোসেন, সাধারণ সম্পাদক জায়েদ রহমত উল্লাহ, কর্মচারী পরিষদের সভাপতি জম্বাক এ কে এম আরদল।  
(শেষ পঃ ১-এর কঃ দঃ)

**দুঃখ প্রকাশ**  
(১ম পঃ পর)  
ওয়াদুদ, সাধারণ সম্পাদক জম্বাক মোহাম্মদ গোলাম হোসেন এবং ছাত্র বিষয়ক কাউন্সিলের অধ্যাপক আবু হেলা মোহাম্মদ ফরুক।  
কৃষিমন্ত্রী জনাব এ জেড এম ওবয়দুল্লাহ খান এই সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন।